গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

এবং

সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৭

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৯

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লিঃ-এর বর্তমান বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩০৬৩ মেঃওঃ। বিগত তিন অর্থবছরের মধ্যে অত্র কোম্পানির বিদ্যুৎ উৎপাদন ক্ষমতায় একটি সোলার ফটোভোল্টাইক পাওয়ার বিদ্যুৎ কেন্দ্র যুক্ত হয়েছে; যা "সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রিড কানেক্টেড সোলার ফটোভোল্টাইক পাওয়ার বিদ্যুৎ কেন্দ্র" নামে পরিচিত। এছাড়া, বিদ্যুৎ বিভাগের অগ্রাধিকার প্রকল্প, "রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প"-এর ১ম ইউনিটের ভৌত কাজ সম্পন্ন ও প্রকল্পের গ্যাস ডিস্ট্রিবিউশন পাইপলাইনের নির্মাণ কাজ শেষ হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

(১) গ্যাস সরবরাহের স্বল্পতার কারণে বিদ্যুৎ কেন্দ্র সমূহ কারিগরি ভাবে Available থাকা সত্ত্বেও সর্বদা পরিচালন করা সম্ভব হচ্ছে না। ফলে, বিদ্যুৎ কেন্দ্রসমূহ অধিকাংশ সময় আংশিক ক্ষমতায় পরিচালনার দরুন বিদ্যুৎ কেন্দ্রের Plant Factor হ্রাস পায়, Auxiliary Consumption এবং Heat Rate বৃদ্ধি পায় যা বিদ্যুৎ কেন্দ্র পরিচালন সংক্রান্ত সূচক সমূহের লক্ষ্যমাত্রা অর্জনের অন্তরায়।
(২) কোম্পানির আওতাধীন সিরাজগঞ্জ, খুলনা ও মধুমতি বিদ্যুৎ কেন্দ্রসমূহ এইচএসডি/এইচএফও দ্বারা পরিচালনের জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) ও এর আওতাধীন কোম্পানিসমূহ কর্তৃক পর্যাপ্ত পরিমাণ জ্বালানি সরবরাহ করা সম্ভব না হলে উক্ত বিদ্যুৎ কেন্দ্রসমূহের পরিচালন সংক্রান্ত সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে।
(৩) বিপিডিবি কর্তৃক যথাসময়ে বিদ্যুৎ কেন্দ্রসমূহের এনার্জি বিল সময়মতো পরিশোধ করা না হলে কোম্পানি পরিচালনা কার্যক্রম ব্যহত হবে এবং আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক সূচক সমূহের অর্জন ব্যহত হতে পারে।
(৪) দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস সরবরাহের বিষয়টি বর্তমানে অনিশ্চিত, ফলে অত্র অঞ্চলে কোম্পানির আওতায় নির্মাণাধীন রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পটির কমিশনিং বিলম্বিত হতে পারে। পরবর্তীতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিত করা না গেলে উক্ত বিদ্যুৎ কেন্দ্রটি থেকে নিয়মিত বিদ্যুৎ উৎপাদনে মারাত্মক ব্যাঘাত ঘটবে। ফলশ্রুতিতে, কোম্পানি আর্থিক ক্ষতির সম্মুখীন হতে পারে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

নিম্নোক্ত প্রকল্প সমূহের COD অর্জনঃ
(ক) রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প; (২০২৫-২৬); (খ) পায়রা ১৩২০ মেঃওঃ থার্মাল পাওয়ার প্ল্যান্ট (২য় ফেইজ); (২০২৬-২৭); (গ) পায়রা-গোপালগঞ্জ-আমিনবাজার ৪০০ কেঃভিঃ ডাবল্ সার্কিট সঞ্চালন লাইন প্রকল্প (২য় ফেইজ) (২০২৫-২৬); (ঘ) পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প; (২০২৫-২৬) ; (ঙ) পায়রা ২০ মেঃওঃ উইন্ড পাওয়ার প্ল্যান্ট প্রকল্প; (২০২৫-২৬) ;(চ) পায়রা এলএনজি-টু-পাওয়ার প্রকল্প (১ম ফেইজ); (২০২৮-২৯); (ছ) কুড়িগ্রাম ৪৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প; (২০২৫-২৬); (জ) হেমায়েতপুর ৩৫ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প; (২০২৬-২৭); (ঝ) পায়রা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প; (২০২৬-২৭)।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১) রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের ২য় ইউনিটের ইরেকশন সম্পন্ন;
- ২) কোম্পানির আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের এনার্জি অডিট সম্পাদন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

এবং

সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ...জুন........ মাসের ....২৭........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

নির্ভরযোগ্যতা এবং শক্তিশালী ব্র্যান্ড ইমেজসহ উদীয়মান বিদ্যুৎ উৎপাদন সংস্থা হিসেবে বিকাশ লাভ করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

- উদ্ভাবনী এবং প্রযুক্তি-চালিত প্রতিষ্ঠান হয়ে ওঠা।
- আকর্ষণীয় কর্তৃপক্ষ হয়ে ওঠা যার অধীনে কর্মকর্তা/ কর্মচারীরা দক্ষতার পূর্ণ বিকাশ ঘটাতে পারে।
- স্টেকহোল্ডারদের যথাযথ মূল্যায়ন করা।
- সেবা, মান, নির্ভরযোগ্যতা, নিরাপত্তা এবং গ্রাহক সন্তোষ অর্জনের মাধ্যমে বিদ্যুৎ খাতে উৎকর্ষতা অর্জন করা।
- বিদ্যুৎ উৎপাদনে উদ্ভাবনী এবং টেকসই প্রতিষ্ঠান হিসেবে পরিচিতি লাভ করা।
- 'আমার' কোম্পানি না হয়ে 'আমাদের' কোম্পানি হয়ে ওঠা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনার উন্নয়ন
২. আর্থিক সম্পদ ব্যবস্থাপনা ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ
৩. প্রকল্প ব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন
২. বিদ্যুৎ কেন্দ্রের দক্ষতা উন্নয়ন
৩. বিদ্যুৎ কেন্দ্রের ইমিশন ব্যবস্থাপনার উন্নয়ন
৪. ঋণ ব্যবস্থাপনা
৫. আর্থিক তারল্য ব্যবস্থাপনা
৬. কোম্পানির কোয়ালিটি, এনভাইরনমেন্টাল এবং হেলথ-সেফটি ব্যবস্থাপনার উন্নয়ন
৭. ইআরপি হালনাগাদকরণ
৮. দক্ষতার সাথে প্রকল্প বাস্তবায়ন
৯. ক্রয় সম্পর্কিত কার্যাদি স্বচ্ছতার সাথে সম্পাদন
১০. শূন্যপদ পূরণ
১১. মানবসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
১২. স্থাবর সম্পত্তি ও যানবাহনের সুষ্ঠু ব্যবস্থাপনা

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| দক্ষতার সাথে মানসম্মত বিদ্যুৎ উৎপাদন | অ্যাভেইল্যাবিলিটি ফ্যাক্টর অর্জিত | % | ৯০.৯৯ | ৮৯.৪৭ | ৮৭ | ৮৮ | ৮৮ | সকল বিদ্যুৎ কেন্দ্র, নওপাজেকো | IEPMP 2023, SDG, 8FYP |
| দাপ্তরিক ক্রয় কাজে স্বচ্ছতা বৃদ্ধি | ই-জিপি টেন্ডারিং সম্পাদিত (উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ১০০ কোটি টাকার নিচে সকল স্থানীয় টেন্ডার) | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | সংশ্লিষ্ট সকল দপ্তর, নওপাজেকো | পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ |
| আর্থিক সক্ষমতা অর্জন | ডেট সার্ভিস কভারেজ রেশিও অর্জিত | অনুপাত | ১.৪৬ | ১.১৭ | ১.১০ | ১.১০ | ১.১৫ | অর্থ-বিভাগ, নওপাজেকো | কোম্পানির আওতায় ইসিএ অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের ঋণচুক্তি |

*সাময়িক (provisional) তথ্য

**সেকশন ৩**

**কর্মসম্পাদন পরিকল্পনা**

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থাপনার উন্নয়ন | ২৫ | [১.১] দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন | [১.১.১] অ্যাভেইল্যাবিলিটি ফ্যাক্টর অর্জিত | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ৯০.৯৯ | ৮৯.৪৭ | ৮৭ | ৮৫ | | | | ৮৮ | ৮৮ |
| | | | [১.১.২] হিট রেট অর্জিত | ক্রমপুঞ্জিভূত | কিঃজুল/কিঃওঃ-ঘন্টা | ৩ | ৮৬৯৯.৪০ | ৮৭২৪.৮১ | ৮৭০০ | ৮৮০০ | | | | ৮৮৫০ | ৮৮০০ |
| | | | [১.১.৩] নবায়নযোগ্য উৎস থেকে জাতীয় গ্রিডে ক্লিন এনার্জি সরবরাহকৃত | ক্রমপুঞ্জিভূত | মেঃওঃঘন্টা | ১ | | | ১০০০০০ | ৯৫০০০ | | | | | |
| | | | [১.১.৪] রিলাইয়্যাবিলিটি ফ্যাক্টর অর্জিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৯৬ | ৯৪ | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [১.১.৫] এনএলডিসি'র চাহিদা মোতাবেক বিদ্যুৎ কেন্দ্রসমূহ এফজিএমও-তে পরিচালনা নিশ্চিতকৃত | ক্রমপুঞ্জিভূত | বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা | ২ | | | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | | [১.১.৬] সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (ইউনিট-৩)-এর শিডিউল ইন্সপেকশন (এমআই) সম্পাদিত | তারিখ | তারিখ | ৩ | | | ৩১.১০.২৪ | | | | | | |
| | | | [১.১.৭] প্ল্যান্ট ফ্যাক্টর অর্জিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৪০ | ৩৫ | | | | | |
| | | | [১.১.৮] অক্সিলিয়ারি কনজাম্পশন | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫.৭৫ | ৬ | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [১.২] বিদ্যুৎ কেন্দ্রের দক্ষতা উন্নয়ন | [১.২.১] বিদ্যুৎ কেন্দ্রের এনার্জি অডিট সম্পাদিত | সমষ্টি | বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা | ৪ | ৪ | ১ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [১.৩] বিদ্যুৎ কেন্দ্রের ইমিশন ব্যবস্থাপনার উন্নয়ন | [১.৩.১] নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের মাধ্যমে কার্বন ক্রেডিট (রিনিউএবল এনার্জি ক্রেডিট) অর্জিত | সমষ্টি | আই আর ই সি সংখ্যা | ২ | | | ৮০০০ | ৭৪০০ | | | | | |
| | | | [১.৩.২] পরিবেশ অধিদপ্তরের মানমাত্রা অনুযায়ী বিদ্যুৎ কেন্দ্রের চিমনি হতে গ্যাসীয় নিঃসরণের গড় মান নিয়ন্ত্রিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | | | | | |
| [২] আর্থিক সম্পদ ব্যবস্থাপনা ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ | ২৫ | [২.১] ঋণ ব্যবস্থাপনা | [২.১.১] ডেট সার্ভিস কাভারেজ রেশিও অর্জিত | ক্রমপুঞ্জিভূত | অনুপাত | ৫ | ১.৪৬ | ১.১৭ | ১.১০ | ১.০৫ | | | | ১.১০ | ১.১৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] আর্থিক তারল্য ব্যবস্থাপনা | [২.২.১] কারেন্ট রেশিও অর্জিত | ক্রমপুঞ্জিভূত | অনুপাত | ৫ | ২.০০ | ১.৮৯ | ১.৭০ | ১.৬০ | | | | ১.৭৫ | ১.৭৫ |
| | | | [২.২.২] কুইক রেশিও অর্জিত | ক্রমপুঞ্জিভূত | অনুপাত | ৫ | ১.৮৯ | ১.৭৮ | ১.৫০ | ১.৪০ | | | | ১.৫০ | ১.৫০ |
| | | [২.৩] কোম্পানির কোয়ালিটি, এনভাইরনমেন্টাল এবং হেলথ-সেফটি ব্যবস্থাপনার উন্নয়ন | [২.৩.১] আইএসও সংক্রান্ত অডিট আপত্তি নিস্পত্তিকৃত | তারিখ | তারিখ | ৫ | | ০৮.০২.২৪ | ৩১.১২.২৪ | ৩১.০১.২৫ | | | | | |
| | | [২.৪] ইআরপি হালনাগাদকরণ | [২.৪.১] সমন্বিত ইআরপি'র ৪টি মডিউল (ক্রয়, মানবসম্পদ, হিসাব ও স্থাবর সম্পত্তি) হালনাগাদকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] প্রকল্প ব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ২০ | [৩.১] দক্ষতার সাথে প্রকল্প বাস্তবায়ন | [৩.১.১] রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পের ২য় ইউনিটের ইরেকশন কাজ সম্পাদিত | তারিখ | তারিখ | ৪ | | | ৩০.১১.২৪ | | | | | | |
| | | | [৩.১.২] রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পের আওতায় প্রশাসনিক ভবনের পূর্ত কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯৫ | | | | | |
| | | | [৩.১.৩] রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পে গ্যাস সরবরাহের জন্য আরএমএস-এর ইরেকশন কাজ সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯৫ | | | | | |
| | | [৩.২] ক্রয় সম্পর্কিত কার্যাদি স্বচ্ছতার সাথে সম্পাদন | [৩.২.১] ই-জিপি টেন্ডারিং সম্পাদিত (উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ১০০ কোটি টাকার নিচে সকল স্থানীয় টেন্ডার) | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | | | ১০০ | | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৩] শুন্য পদ পূরণ | [৩.৩.১] ইতোমধ্যে প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৯.২৪ | | | | | | |
| | | | [৩.৩.২] নিয়োগযোগ্য শুন্যপদের বিপরীতে নিয়োগ আদেশ জারি | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৬.২৫ | | | | | | |
| | | | [৩.৩.৩] অর্গানোগ্রাম হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৬.২৫ | | | | | | |
| | | [৩.৪] মানবসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | [৩.৪.১] কর্মকর্তাদের লার্নিং সেশন আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | | | | | |
| | | | [৩.৪.২] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষন আয়োজিত | সমষ্টি | গড় জন-ঘন্টা | ১ | | | ৬০ | ৫০ | | | | | |
| | | [৩.৫] স্থাবর সম্পত্তি ও যানবাহনের সুষ্ঠু ব্যবস্থাপনা | [৩.৫.১] টেবল অব অর্গানাইজেশন এন্ড ইকুইপমেন্ট হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ৩ | | | ৩০.০৬.২৫ | | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক<br>নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ | 27.06.2024<br>তারিখ |
| সিনিয়র সচিব<br>বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | 29.06.2028<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | IEPMP | Integrated Energy and Power Master Plan |
| ২ | আই.আর.ই.সি. | ইন্টারন্যাশনাল রিনিউয়্যাবল এনার্জি সার্টিফিকেট |
| ৩ | এইচএফও | হেভী ফুয়েল ওয়েল |
| ৪ | এইচএসডি | হাই স্পীড ডিজেল |
| ৫ | এপিএ | অ্যানুয়াল পার্ফরম্যান্স এগ্রিমেন্ট |
| ৬ | কিঃজুল/কিঃওঃ ঘণ্টা | কিলো জুল/কিলোওয়াট ঘণ্টা |
| ৭ | নওপাজেকো | নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী |
| ৮ | মেঃওঃ | মেগাওয়াট |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন | [১.১.১] অ্যাভেইল্যাবিলিটি ফ্যাক্টর অর্জিত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | মাসিক অপারেশন ডাটা |
| | [১.১.২] হিট রেট অর্জিত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | মাসিক অপারেশন ডাটা |
| | [১.১.৩] নবায়নযোগ্য উৎস থেকে জাতীয় গ্রিডে ক্লিন এনার্জি সরবরাহকৃত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | মাসিক অপারেশন ডাটা |
| | [১.১.৪] রিলাইয়্যাবিলিটি ফ্যাক্টর অর্জিত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | মাসিক অপারেশন ডাটা |
| [১.১] দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন | [১.১.৫] এনএলডিসি'র চাহিদা মোতাবেক বিদ্যুৎ কেন্দ্রসমূহ এফজিএমও-তে পরিচালনা নিশ্চিতকৃত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | এনএলডিসি'র প্রত্যয়নপত্র/ বিদ্যুৎ কেন্দ্রের সিস্টেম জেনারেটেড রিপোর্ট |
| | [১.১.৬] সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ সিসিপিপি (ইউনিট-৩)-এর শিডিউল ইন্সপেকশন (এমআই) সম্পাদিত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | ইন্সপেকশন প্রতিবেদন |
| | [১.১.৭] প্ল্যান্ট ফ্যাক্টর অর্জিত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | মাসিক অপারেশন ডাটা |
| | [১.১.৮] অক্সিলিয়ারি কনজাম্পশন | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র, প্রকৌশল বিভাগ | মাসিক অপারেশন ডাটা |
| [১.২] বিদ্যুৎ কেন্দ্রের দক্ষতা উন্নয়ন | [১.২.১] বিদ্যুৎ কেন্দ্রের এনার্জি অডিট সম্পাদিত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র এবং পিএন্ডডি বিভাগ | এনার্জি অডিট প্রতিবেদন |
| [১.৩] বিদ্যুৎ কেন্দ্রের ইমিশন ব্যবস্থাপনার উন্নয়ন | [১.৩.১] নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের মাধ্যমে কার্বন ক্রেডিট (রিনিউএবল এনার্জি ক্রেডিট) অর্জিত | পিএন্ডডি বিভাগ | EKI Energy Services Limited- এর প্রত্যয়নপত্র |
| | [১.৩.২] পরিবেশ অধিদপ্তরের মানমাত্রা অনুযায়ী বিদ্যুৎ কেন্দ্রের চিমনি হতে গ্যাসীয় নিঃসরণের গড় মান নিয়ন্ত্রিত | সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র এবং এনভায়রনমেন্ট, হেলথ এন্ড সেফটি শাখা | ত্রৈমাসিক রিপোর্ট |
| [২.১] ঋণ ব্যবস্থাপনা | [২.১.১] ডেট সার্ভিস কাভারেজ রেশিও অর্জিত | হিসাব ও অর্থ বিভাগ | একাউন্ট স্টেটমেন্ট |
| [২.২] আর্থিক তারল্য ব্যবস্থাপনা | [২.২.১] কারেন্ট রেশিও অর্জিত | হিসাব ও অর্থ বিভাগ | একাউন্ট স্টেটমেন্ট |
| | [২.২.২] কুইক রেশিও অর্জিত | হিসাব ও অর্থ বিভাগ | একাউন্ট স্টেটমেন্ট |
| [২.৩] কোম্পানির কোয়ালিটি, এনভাইরনমেন্টাল এবং হেলথ-সেফটি ব্যবস্থাপনার উন্নয়ন | [২.৩.১] আইএসও সংক্রান্ত অডিট আপত্তি নিস্পত্তিকৃত | এনভায়রনমেন্ট, হেলথ এন্ড সেফটি শাখা | Accreditation Body কর্তৃক অডিট আপত্তি নিস্পত্তির প্রতিবেদন |
| [২.৪] ইআরপি হালনাগাদকরণ | [২.৪.১] সমন্বিত ইআরপি'র ৪টি মডিউল (ক্রয়, মানবসম্পদ, হিসাব ও স্থাবর সম্পত্তি) হালনাগাদকৃত | ক্রয় বিভাগ, মানবসম্পদ বিভাগ, হিসাব ও অর্থ বিভাগ | ইআরপি জেনারেটেড প্রতিবেদন ও সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়ন পত্র |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.১] দক্ষতার সাথে প্রকল্প বাস্তবায়ন | [৩.১.১] রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পের ২য় ইউনিটের ইরেকশন কাজ সম্পাদিত | সংশ্লিষ্ট প্রকল্প দপ্তর | প্রত্যয়ন পত্র ও পিআইসি সভার কার্যবিবরণী |
| | [৩.১.২] রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পের আওতায় প্রশাসনিক ভবনের পুর্ত কাজ সম্পাদিত | সংশ্লিষ্ট প্রকল্প দপ্তর | প্রত্যয়ন পত্র ও পিআইসি সভার কার্যবিবরণী |
| | [৩.১.৩] রূপসা ৮০০ মেঃওঃ সিসিপিপি প্রকল্পে গ্যাস সরবরাহের জন্য আরএমএস-এর ইরেকশন কাজ সম্পাদিত | সংশ্লিষ্ট প্রকল্প দপ্তর | প্রত্যয়ন পত্র ও পিআইসি সভার কার্যবিবরণী |
| [৩.২] ক্রয় সম্পর্কিত কার্যাদি স্বচ্ছতার সাথে সম্পাদন | [৩.২.১] ই-জিপি টেন্ডারিং সম্পাদিত (উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ১০০ কোটি টাকার নিচে সকল স্থানীয় টেন্ডার) | সংশ্লিষ্ট সকল দপ্তর | ১০০ কোটির নিচে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয়কৃত সকল স্থানীয় টেন্ডারের তালিকা |
| [৩.৩] শুন্য পদ পূরণ | [৩.৩.১] ইতোমধ্যে প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকৃত | মানবসম্পদ বিভাগ | নিয়োগ আদেশের কপি |
| | [৩.৩.২] নিয়োগযোগ্য শুন্যপদের বিপরীতে নিয়োগ আদেশ জারি | মানবসম্পদ বিভাগ | নিয়োগ আদেশের কপি |
| | [৩.৩.৩] অর্গানোগ্রাম হালনাগাদকৃত | মানবসম্পদ বিভাগ | হালনাগাদকৃত অর্গানোগ্রাম-এর কপি |
| [৩.৪] মানবসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | [৩.৪.১] কর্মকর্তাদের লার্নিং সেশন আয়োজিত | মানবসম্পদ বিভাগ | গাইডলাইন অনুযায়ী সামারি শিট |
| [৩.৪] মানবসম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | [৩.৪.২] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষন আয়োজিত | মানবসম্পদ বিভাগ | গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণের সামারি শিট |
| [৩.৫] স্থাবর সম্পত্তি ও যানবাহনের সুষ্ঠু ব্যবস্থাপনা | [৩.৫.১] টেবল অব অর্গানাইজেশন এন্ড ইকুইপমেন্ট হালনাগাদকৃত | মানবসম্পদ বিভাগ | টেবল অব অর্গানাইজেশন এন্ড ইকুইপমেন্ট -এর চূড়ান্ত কপি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন | প্ল্যান্ট ফ্যাক্টর অর্জিত | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ | কোম্পানির উৎপাদিত শতভাগ বিদ্যুৎ যথাযথভাবে ইভাক্যুয়েশন এর ব্যবস্থা করা ও গ্রিড ফ্রিকোয়েন্সি যথাসম্ভব স্থিতিশীল রাখার ব্যবস্থা করা, যাতে এফজিএমও-তে পরিচালনায় লোড ভেরিয়েশন সীমিত থাকে এবং পূর্ণক্ষমতায় বিদ্যুৎ কেন্দ্র পরিচালন করে বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন দক্ষতা নিশ্চিত হয়। |
| দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন | অক্সিলিয়ারি কনজাম্পশন | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ | কোম্পানির উৎপাদিত শতভাগ বিদ্যুৎ যথাযথভাবে ইভাক্যুয়েশন এর ব্যবস্থা করা ও গ্রিড ফ্রিকোয়েন্সি যথাসম্ভব স্থিতিশীল রাখার ব্যবস্থা করা, যাতে এফজিএমও-তে পরিচালনায় লোড ভেরিয়েশন সীমিত থাকে এবং পূর্ণক্ষমতায় বিদ্যুৎ কেন্দ্র পরিচালন করে বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন দক্ষতা নিশ্চিত হয়। |
| দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন | প্ল্যান্ট ফ্যাক্টর অর্জিত | (১) পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি, (২) সুন্দরবন গ্যাস কোম্পানি, (৩) বিপিসি'র আওতাধীন তেল কোম্পানি সমূহ | চাহিদা মোতাবেক জ্বালানী সরবরাহ নিশ্চিত করা কারণ পূর্ণমাত্রায় বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল হল জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণ |
| দক্ষতার সাথে বিদ্যুৎ কেন্দ্র পরিচালন | হিট রেট অর্জিত | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ | কোম্পানির উৎপাদিত শতভাগ বিদ্যুৎ যথাযথভাবে ইভাকুয়েশনের ব্যবস্থা করা ও গ্রিড ফ্রিকুয়েন্সি যথা যম্ভব স্থিতিশীল রাখার ব্যবস্থা করা, যাতে এফজিএমও- তে পরিচালনায় লোড ভেরিয়েশন সীমিত থাকে এবং পূর্ণ ক্ষমতায় বিদ্যুৎ কেন্দ্র পরিচালনা করে বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন দক্ষতা নিশ্চিত হয় |

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**